

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০৫

২২ জুন ২০২০  
তারিখঃ -----  
০৮ আষাঢ় ১৪২৭

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

**নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে সিএমএসএমই (CMSME)  
খাতের জন্য বিশেষ ঋণ/বিনিয়োগ সুবিধা প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে ১৩ এপ্রিল ২০২০ তারিখে জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-০১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। উক্ত সার্কুলারের ৬(খ) নং অনুচ্ছেদ মোতাবেক, প্রত্যেক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান আলোচ্য প্যাকেজের আওতায় চলতি মূলধন ঋণ বিতরণের বিষয়ে বাংলাদেশ ব্যাংক এর 'এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট'-এ প্রতি মাসের ১০ তারিখের মধ্যে পূর্ববর্তী মাসে অনুমোদিত ও বিতরণকৃত ঋণ/বিনিয়োগের বিষয়ে সংযোজনী-১ এর ক ও খ এবং ২ এর ক ও খ এ প্রদত্ত ছকে প্রয়োজনীয় তথ্যাদি সরবরাহ করার নির্দেশনা দেয়া হয়।

০৩। লক্ষ্য করা যাচ্ছে যে, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ উক্ত সার্কুলারের আওতায় ঋণ বিতরণ কার্যক্রমে আশানুরূপ গতি আনয়নে সক্ষম হয়নি। তাই সার্বক্ষণিক তদারকীর লক্ষ্যে সিএমএসএমই খাতে ঋণ/বিনিয়োগ বিতরণ তদারকী আরও জোরদার করার আবশ্যিকতা দেখা দিয়েছে।

০৪। এক্ষণে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, আলোচ্য প্যাকেজের আওতায় বিতরণকৃত সিএমএসএমই ঋণ/বিনিয়োগ সংক্রান্ত বিবরণী প্রতি মাসের পরিবর্তে পাক্ষিক ভিত্তিতে প্রতি পাক্ষিকের বিবরণী পরবর্তী ০৫ দিনের মধ্যে অর্থাৎ প্রথম পাক্ষিকের বিবরণী সংশ্লিষ্ট মাসের ২০ তারিখের মধ্যে এবং দ্বিতীয় পাক্ষিকের বিবরণী পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে 'এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট'-এ দাখিল করতে হবে।

০৫। এতদ্ব্যতীত সূত্রোল্লিখিত সার্কুলারে বর্ণিত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

০৬। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ আলী মাহমুদ)  
মহাব্যবস্থাপক (চলতি দায়িত্বে)  
ফোনঃ ৯৫৩০১৭২